



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৭৪

শেখ হাসিনার সরকার স্বচ্ছতা ও জবাবদিহিতা বিশ্বাস করে

- পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ০৫ কার্তিক (২১ অক্টোবর):

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার স্বচ্ছতা ও জবাবদিহিতায় বিশ্বাসী বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, এমপি।

আজ শুক্রবার (২১ অক্টোবর) বিকালে রাজশাহীর বাঘা উপজেলার সরেরহাটে আব্দুল গণি কলেজে নবনির্মিত একাডেমিক ভবন উদ্বোধন শেষে বক্তৃতা দেয়ার সময় তিনি এ মন্তব্য করেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সময়ে দেশের অনেক উন্নয়ন সাধিত হয়েছে। অনেক অসম্ভব সম্ভব হয়েছে। স্বচ্ছতা ও জবাবদিহিতা ছিল বলেই এত উন্নয়ন হয়েছে। তাঁর সরকার স্বচ্ছতা ও জবাবদিহিতা বিশ্বাস করে। এত স্বচ্ছতার সঙ্গে কাজ বাংলাদেশের ইতিহাসে এর আগে কখনো হয়নি। তাঁর দৃঢ়তার কারণে শত অপপ্রচারের পরও আমরা এগিয়ে চলেছি।

প্রধানমন্ত্রীর শিক্ষাবান্ধব কাজের প্রশংসা করে শাহরিয়ার আলম বলেন, প্রধানমন্ত্রীর শিক্ষাবান্ধব কাজের ধারাবাহিকতা ও কর্মমুখী শিক্ষাব্যবস্থা বাস্তবায়নের ফলে আজকে দেশ এগিয়ে যাচ্ছে। তাঁর সময়ে অনেক শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছে। এত শিক্ষাপ্রতিষ্ঠান একসঙ্গে এমপিওভুক্ত করার নজির আগে কখনো দেখা যায় নাই।

সরকারি বিধি মেনেই এমপিওভুক্ত করা হয় উল্লেখ করে তিনি বলেন, কোনো শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির শর্ত পূরণ করলে সরকারি বিধি অনুযায়ী সেই প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়। এজন্য ঘুষ, তদবির বা অন্য কোনো অবৈধ পন্থা চিন্তা করে লাভ নেই। প্রয়োজনীয় সংখ্যক ছাত্র-ছাত্রী ও প্রতিষ্ঠানের পাশের হারসহ যে বিষয়গুলোর উপর এমপিওভুক্তি নির্ভর করে সেগুলো পূরণ করলে কারও সুপারিশের প্রয়োজন নেই।

শাহরিয়ার আলম বলেন, কোনো শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্তির শর্ত পূরণের জন্য যা যা করা দরকার তার জন্য সহযোগিতা করা হবে।

শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, ছাত্র-ছাত্রীদের শিক্ষার আলোয় আলোকিত হতে হবে। মানুষ হতে হবে- সোচ্চার, প্রতিবাদী। অপপ্রচারে কান দেয়া যাবে না। অপপ্রচার ও অনিষ্টকারীকে কেউ পছন্দ করে না। তিনি একটি উন্নত সমাজ প্রতিষ্ঠায় শিক্ষকদেরকে দায়িত্বের প্রতি অবহেলা না করার আহ্বান জানান। এ সময় শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

পরে প্রতিমন্ত্রী সরেরহাটে নবনির্মিত গড়গড়ি শেখ রাসেল শিশু পার্ক উদ্বোধন শেষে একইস্থানে নৌকাবাইচ প্রতিযোগিতা উপভোগ করেন।

.....  
সিকান্দার/রুহুল/রোকন/২০২২/২০.৩০ঘ.